

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককের উদ্যোগে কম্বোডিয়ায় মৃত্যুবরণকারী ৪ (চার) জন বাংলাদেশি রেমিট্যান্স যোদ্ধার মরদেহ দেশে প্রেরণ গত এক বছরে কম্বোডিয়ায় মৃত্যুবরণকারী চার জন বাংলাদেশি নাগরিকদের মরদেহ আজ ব্যাংকক থেকে বিমানযোগে দেশে পৌঁছাবে। ব্যাংককে অবস্থিত বাংলাদেশ দূতাবাস যথাযথ প্রক্রিয়ায় মরদেহগুলোকে সুবর্ণভূমি আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ঢাকাগামী ফ্লাইটে তুলে দেয়ার ব্যবস্থা করে।

বাংলাদেশি নাগরিক জনাব শাহজাহান সিরাজ (এনআইডি নম্বর: 1507574505) গত ২১ সেপ্টেম্বর ২০২৩, জনাব মোহাম্মদ জাহিরুল ইসলাম (পাসপোর্ট নম্বর: B00088634) গত ২ ডিসেম্বর ২০২৩, জনাব মাজেদুল ইসলাম (পাসপোর্ট নম্বর: A05308407) গত ২৬ ডিসেম্বর ২০২৩ এবং জনাব আলাল উদ্দিন (পাসপোর্ট নম্বর: EE0370828) গত ৭ এপ্রিল ২০২৪ তারিখে কম্বোডিয়ায় মৃত্যুবরণ করেন। মৃত ব্যক্তিদের বয়স ২৪ থেকে ৫২ বছরের মধ্যে। তাঁরা কম্বোডিয়ায় কর্মরত থাকা অবস্থায় দুর্ঘটনা ও হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান বলে জানা যায়।

তাঁদের পরিবারের পক্ষ থেকে মরদেহ দাফনের জন্য দেশে প্রেরণের লক্ষ্যে বাংলাদেশ সরকারের নিকট আর্থিক সাহায্য চাওয়ার পরিপ্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করে।

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক কম্বোডিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও হিমঘরসমূহের সাথে আইনগত, প্রশাসনিক ও আর্থিক বিষয়সহ সার্বিক ব্যবস্থাপনার সমন্বয় করে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর রেমিট্যান্স যোদ্ধাদের সর্বাঙ্গীণ কল্যাণ নিশ্চিত করার অংশ হিসেবে কম্বোডিয়া থেকে মরদেহগুলো দেশে ফেরানোর বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেয়া হয়।

মরদেহগুলো গতকাল ৪ নভেম্বর ২০২৪ তারিখে কম্বোডিয়ার রাজধানী নমপেন থেকে পয়পেট সীমান্তে আনা হয়। পরে থাইল্যান্ডের সাকেও ইমিগ্রেশন পয়েন্ট দিয়ে লাশবাহী গাড়িতে ব্যাংককে স্থানান্তর করা হয়। থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও কাউন্সেলর (শ্রম) ব্যাংককস্থ এশিয়াওয়ান ইন্টারন্যাশনাল ফিউনেরাল সার্ভিসেস-এর কার্যালয়ে মরদেহগুলো গ্রহণ করেন। এসময় তাঁরা রেমিট্যান্স যোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

মরদেহগুলো আজ ঢাকা বিমানবন্দরে পৌঁছালে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের হেল্প ডেস্কের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের কর্মকর্তাদের সহযোগিতায় শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের কাছে তুলে দেয়া হবে।

ব্যাংকক, ০৫ নভেম্বর ২০২৪

